হুমায়ুন আহমেদ স্মরনে মেহেরপুরে অরনির “হুমায়ুন কথন”

জনপ্রিয় কথাশিল্পী ও চলচ্চিত্রকার হুমায়ূন আহমেদের অষ্টম মৃত্যুবার্ষিকী আজ। এ দিনটি ঘিরে হুমায়ন আহমেদ স্মরনে মেহেরপুর অরনির থিয়েটারের উদ্যোগে “হুমায়ুন কথন” এর আয়োজন করা হয়েছে। রবিবার সন্ধায় জেলা শিল্পকলা একাডেমীতে এ অনুষ্ঠান অনুষ্ঠিত হয়।

হুমায়ূন আহমেদ স্মরনে অরনির আয়োজনের মধ্যে ছিল, গান, উপন্যাস পাঠ, কবিতা ইত্যাদি। গান ও উপন্যাস পরিবেশন করেন খাদিজা জান্নাত পরী, সামারুল ইসলাম, খোকন।

বাদ্যযন্ত্রে ছিলেন, তব্লাই রুবেল হোসেন, আব্দুস সামাদ এবং জুড়ীতে আলাউদ্দিন, বাঁশিতে মাহাবুব, দো-তারাই আব্দুল্লাহ।

উপস্থাপনায় ছিলেন অরনি থিয়েটারের সভাপতি নিশান সাবের। সার্বিক ব্যবস্থাপনা ছিলেন আতিক স্বপন।

নাটুদাহ পুলিশ ক্যাম্পের জমি সম্প্রসারণ এবং প্রাচীর নির্মাণের উদ্বোধন

চুয়াডাঙ্গা জেলার দামুড়হুদার থানাধীন নাটুদাহ পুলিশ ক্যাম্পের জমি সম্প্রসারণ এবং প্রাচীর নির্মাণের কাজ উদ্বোধন করেন চুয়াডাঙ্গা’র পুলিশ সুপার মোঃ জাহিদুল ইসলাম।
রবিবার বিকাল সাড়ে ৩ টার সময় নাটুদাহ পুলিশ ক্যাম্পের জমির পরিমাণ সম্প্রসারণ পূর্বক সীমানা প্রাচীর নির্মাণের কাজ উদ্বোধন করেন।

উক্ত অনুষ্ঠানে উপস্থিত ছিলেন সিনিয়র সহকারী পুলিশ সুপার জনাব আবু রাসেল, (দামুড়হুদা সার্কেল) এবং অফিসার ইনচার্জ দামুড়হুদা

মডেল থানাসহ স্থানীয় গণ্যমান্য ব্যক্তিবর্গ।

উল্লেখ্য চুয়াডাঙ্গা জেলা পুলিশের পুলিশ সুপার চুয়াডাঙ্গা জেলায় যোগদান করে পুলিশ সুপারের কার্যালয়, পুলিশ পার্ক, পুলিশ লাইন্সসহ বিভিন্ন থানা/ফাঁড়ি ক্যাম্প সমূহের উন্নয়নমূলক কাজ সম্পাদন ও অব্যাহত আছে।

চুয়াডাঙ্গা জেলা পুলিশ সুপার জাহিদুল ইসলাম এর প্রচেষ্টা দিনদিন বৃদ্ধি পাচ্ছে । এই জন্য চুয়াডাঙ্গা জেলা বাসী সচেতন মহল বলেন সত্যিই তিনি প্রশংসার দাবিদার।

কার্পাসডাঙ্গায় তিন প্রতিষ্ঠানে ৫৭ হাজার টাকা জরিমানা

চুয়াডাঙ্গার দামুড়হুদা উপজেলার কার্পাসডাঙ্গা বাজারে ভোক্তা অধিকার সংরক্ষণ আইনে ভ্রাম্যমাণ আদালত পরিচালনা করে ৩ প্রতিষ্ঠানে ৫৭ হাজার টাকা জরিমানা আদায় করেছে।

রবিবার জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তরের মহাপরিচালক এর সার্বিক নির্দেশনা এবং চুয়াডাঙ্গা জেলা প্রশাসক এর তত্ত্বাবধানে চুয়াডাঙ্গা জেলা কার্যালয়ের সহকারী পরিচালক সজল আহম্মেদ এর নেতৃত্বে দামুড়হুদা উপজেলার কার্পাসডাঙ্গা বাজার এলাকায় ভ্রাম্যমাণ অভিযান পরিচালনা করা হয়।

অভিযানে কার্পাসডাঙ্গা বাজারে মেসার্স হারুন স্টোর থেকে জব্দ করা হয় বিপুল পরিমাণ নকল দেশি-বিদেশি তেল ও অন্যান্য কসমেটিকস। এছাড়াও রয়েছে মেয়াদ উত্তীর্ণ পণ্যের উপর নতুন করে মেয়াদ বাড়িয়ে লেখা পণ্য। দোকানদার নিজেও জানেন এগুলো নকল ও মেয়াদ উত্তীর্ণ।

তারপরও তিনি ভোক্তাদের সাথে এভাবে প্রতারণা করে আসছিলেন। ভোক্তা অধিকার বিরোধী এই কার্যের জন্য প্রতিষ্ঠানটির মালিক আহসান হাবিবকে ভোক্তা অধিকার সংরক্ষণ আইন-২০০৯ এর ৪১ ও ৫১ ধারায়

৫০,০ ০০/- টাকা জরিমানা করা হয়। এসময় জব্দকৃত মালামাল পুড়িয়ে দেওয়া হয়।

এসময় মুল্যতালিকা যথাযথভাবে প্রদর্শন না করা ও অস্বাস্থ্যকর পরিবেশে পণ্য বিক্রয়ের জন্য মেসার্স শীলন স্টোরকে ৩৮,৪৩ ধারায় ১,০০ ০/- টাকা ও কলোনিপাড়ার মেসার্স আর এস বেকারিকে বেকারি পণ্যে অগ্রিম মেয়াদ লেখা ও অস্বাস্থ্যকর পরিবেশে খাদ্যদ্রব্য তৈরির অপরাধে ৩৭,৪৩ ধারায় ৬,০০ ০/- টাকাসহ ০৩টি প্রতিষ্ঠানকে মোট ৫৭,০০ ০/- টাকা জরিমানা করা হয়।

এসময় উপস্থিত সবাইকে এই করোনাকালীন সময়ে স্বাস্থ্যবিধি মেনে চলার জন্য অনুরোধ করা হয়। নিরাপত্তার দায়িত্বে ছিলেন চুয়াডাঙ্গা জেলা পুলিশের একটি টিম। জনস্বার্থে এ কার্যক্রম অব্যাহত থাকবে।

টিপু তরফদারের সহায়তা প্রদান অব্যাহত

করোনা ভাইরাসে আক্রান্ত রোগীদের পাশে মানবতার সেবা দিতে দাঁড়িয়েছেন বি.এন.পি. নেতা হাজী ইঞ্জিনিয়ার মোখলেসুর রহমান টিপু তরফদার।

জীবননগর তারিনীবাস গ্রামে আলাউদ্দিনের স্ত্রী জীবননগর পৌরসভার স্বাস্থ্যকর্মী বিলকিস আরা বিলি করোনা ভাইরাসে আক্রান্ত হলে খোঁজখবর নেন ও উপহার সামগ্রী পৌঁছে দেওয়ার আশ্বাস দেন।

যেসকল মানুষ করোনা ভাইরাসে আক্রান্ত হয়েছে তাদের জন্য ৩০ কেজি চাউল, ১৫ কেজি আলু ও নগদ ২ হাজার টাকা আর যে সকল করোনা রোগী লকডাউনে আছে তাদের জন্য উপহার সামগ্রী মানবতার সেবায় ২০ কেজি চাউল, ১০ কেজি আলু ও নগদ ১৫০০ টাকা দেওয়া অব্যাহত রেখেছেন।

ত্রাণসামগ্রী রোগীর বাড়ি যেয়ে দিয়ে আসছেন জীবননগর থানা পৌর বিএনপির সাবেক সাধারণ সম্পাদক বর্তমান টিপু তরফদারের ত্রাণ কমিটির সমন্বয়ক মাহাতাব উদ্দীন চুন্নু।

তিনি বলেন, কোভিড-১৯ করোনা আক্রান্ত রোগীদের মানবতার সেবায় হাজী ইঞ্জিনিয়ার মোখলেসুর রহমান টিপু তরফদারের পক্ষে ত্রাণ সামগ্রী দিয়ে যাচ্ছি। এধরনের কোনো রোগীর সন্ধান পেলে উপহার সামগ্রী পৌঁছে দেওয়ার আহ্বান জানান।

কোটচাঁদপুরে ফোম ফ্যাক্টরীতে ভয়াবহ অগ্নিকান্ড, দেড় কোটি টাকার ক্ষয়ক্ষতি!

ঝিনাইদহের কোটচাঁদপুর পৌর শহরে আকাশ ফোম ফ্যাক্টরিতে ভয়াবহ অগ্নিকান্ডের ঘটনা ঘটেছে। অগ্নিকান্ডে ফ্যাক্টরির মূল ভবন ও গোডাউন ভষ্মিভূত হয়েছে। উদ্ধার অভিযানে ফায়ার সার্ভিসের ২জন ফায়ারম্যান আহত হয়েছেন। এঘটনায় আশপাশের দোকান ও এলাকায় আতঙ্ক ছড়িয়ে পড়ে। রবিবার সকাল ৮টার দিকে স্থানীয় বলুহর বাসষ্টান্ডের আকাশ ফোম ফ্যাক্টরিতে ভয়াবহ এ অগ্নিকান্ডের ঘটনা ঘটে।

ফ্যাক্টরির ম্যানেজার সুকুমার সরকার জানান,আগুনে গুদামে থাকা ৬৫ ব্যারেল কেমিক্যাল, ৪০ ড্রাম রং, ক্যালসিয়াম পাউডার, ৭টি মেশিন, তৈরী করা ফোম,একটি (ঢাকা মেট্রো-ন- ১৮৯৫৯২) পিকাপ, ১১০ সিসির একটি মাহিন্দ্রা মোটরসাইকেল, একটি ইজিবাইক পুড়ে যায়। অগ্নিকান্ডের ঘটনায় দেড় কোটি টাকার ক্ষয়ক্ষতি হয়েছে বলে জানান সুকুমার সরকার।

কোটচাঁদপুর ফায়ার সার্ভিস ষ্টেশন মাষ্টার মোহাম্মদ আব্দুর রাজ্জাক জানান, খবর পেয়ে দ্রুত ঘটনাস্থলে পৌছায়। কোটচাঁদপুর সহ ঝিনাইদহ ও কালিগঞ্জ ফায়ার সার্ভিসের ৫টি ইউনিট ২ ঘন্টার চেষ্টা চালিয়ে আগুন নিয়ন্ত্রণে আনেন। ফায়ার সার্ভিস ও ফ্যাক্টরি কর্তৃপক্ষ প্রাথমিকভাবে বৈদ্যুতিক শর্ট সার্কিট থেকে আগুনের সূত্রপাত হয়েছে বলে ধারণা করছে।

ঝিনাইদহ জেলা ফায়ার সার্ভিসের উপঃ সহকারি পরিচালক তারেক হাসান ভূইয়া জানান, অগ্নিকান্ডের ঘটনায় কেউ নিহত বা গুরুতর আহত হয়নি।

তিনি বলেন, তদন্ত কমিটি গঠন করে সঠিক তদন্তের মাধ্যমে প্রকৃত ঘটনা ও ক্ষয়ক্ষতির পরিমাণ জানা যাবে।

এদিকে ঘটনাস্থল পরিদর্শন করেছেন,অতিরিক্ত পুলিশ সুপার (কোটচাঁদপুর সার্কেল) মোহাইমিনুল ইসলাম, উপজেলা চেয়ারম্যাান শরিফুন্নেছা মিকি, থানার অফিসার ইনচার্জ মাহবুবুল আলম এবং স্থানীয় রাজনৈতিক নেতা।

মেহেরপুর প্রতিদিনে সংবাদ প্রকাশিত হওয়ার পর গাংনীর ধলা মাঠের সেই বাধ অপসারণ

মেহেরপুরের গাংনীর ধলা-মাইলমারী মাঠে বাধ অপসারণ করেছে ভ্রাম্যমান আদালত। বিভিন্ন গণমাধ্যমে সংবাদ প্রকাশিত হওয়ার পর রবিবার সকাল ১১ টায় ভ্রাম্যমান আদালতের নির্বাহী ম্যাজিষ্ট্রেট মো: ইয়ানুর রহমান ও উপজেলা মৎস্য কর্মকর্তা গাংনী উপজেলা মৎস্য কর্মকর্তা রবিউল ইসলাম অভিযান চালিয়ে বাধ ও পুকুরের আংশিক অপসারন করেন।

গাংনী উপজেলা মৎস্য কর্মকর্তা রবিউল ইসলাম,ব্রিজের মুখে বাধ দিয়ে মাছ চাষ করার কারনে কয়েক হাজার বিঘা জমি পানিবন্দী হয়ে পড়েছে এ সংবাদ পেয়ে গাংনী থানা পুলিশের সহায়তায় ভ্রাম্যমান আদালত অভিযান পরিচালনা করেন নির্বাহী ম্যাজিষ্ট্রেট মো: ইয়ানুর রহমান। পরে পুকুর মালিক ও স্থানীয়দের সহায়তায় পানি প্রবাহের জন্য বাধ ও আংশিক পুকুর কেটে দেয়া হয়।

এদিকে অবৈধ ভাবে ব্রিজের মুখে পুকুর খনন করার অভিযোগে মালিক নুরু পোষ্ট মাষ্টারের বিরুদ্ধে ব্যবস্থা নেওয়ার দাবি করেছে ভুক্তভুগী কৃষকরা। স্থানীয়দের দাবি ক্ষমতার দাপট দেখিয়ে পুকুর খনন করা হয়েছে। হাজার হাজার কৃষকদের স্বার্থে পুকুর ভরাট সহ স্থায়ী সমাধানের আহবান জানান তারা।

নাম প্রকাশে অনিচ্ছুক কয়েকজন কৃষক জানান, পুকুরের জমির মালিকানা নিয়ে এলাকায় নানা গুঞ্জন থাকলেও পুকুর মালিক নুরু পোষ্ট মাষ্টার জানিয়েছে জমির প্রকৃত মালিক তিনি।

জমির মালিকানার বিষয়টি নিশ্চিত হতে পুকুর মালিককে কাগজপত্র নিয়ে ভুমি অফিসে আসতে নির্দেশনা দেয়া হয়েছে বলে একাধিক সূত্র নিশ্চিত করেছেন।
উল্লেখ্য: গাংনীতে পুকুরে গ্রাস করছে হাজার একর জমি শিরোনামে রবিবারে সংবাদ প্রকাশিত হয়।

মধ্যরাতে সাহেদকে নিয়ে উত্তরায় ডিবির অভিযান

রিজেন্ট গ্রুপের চেয়ারম্যান সাহেদকে নিয়ে অভিযান চালিয়েছে ডিবি। শনিবার মধ্যরাতে রাজধানীর উত্তরায় এই অভিযান চালানো হয়।

এ সময় সাহেদের ব্যক্তিগত গাড়ি থেকে অস্ত্র ও গুলি উদ্ধার করা হয়েছে। এ ঘটনায় তার বিরুদ্ধে দুটি মামলা দায়ের করা হয়েছে।

সাতক্ষীরার সীমান্তবর্তী এলাকা থেকে গত বুধবার ভোরে সাহেদকে গ্রেফতার দেখায় র্যাব। এদিন বিকালে ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালে সাহেদের স্বাস্থ্য পরীক্ষা করা হয়। পরে তাকে ডিবির কাছে হস্তান্তর করে র্যাব। রিজেন্টের জাল-জালিয়াতি অভিযোগের তদন্ত করছে ডিবি।

টিভি টক শোর নিয়মিত আলোচক ও প্রভাবশালীদের সঙ্গে অসংখ্য সেলফি ও ছবি তুলে নিজেকে জাহির করতেন সাহেদ। কিন্তু কোভিড চিকিৎসার নামে প্রতারণা করে শেষ পর্যন্ত ফেসে যান।

৬ জুলাই র্যাব সাহেদের মালিকানাধীন রিজেন্টের উত্তরা ও মিরপুর শাখায় অভিযান পরিচালনা করে। জানা যায়, করোনার ৬ হাজার ভুয়া প্রতিবেদন দিয়েছে এই হাসপাতাল। হাসপাতালের লাইসেন্সও নবায়ন করেনি। সাহেদকে এক নম্বর আসামি করে মামলা করে র্যাব। তারপরই তাকে

খুঁজতে সারাদেশে তৎপরতা শুরু করে আইনশৃঙ্খলা বাহিনী।

সাহেদের পৈতৃক বাড়ি পশ্চিমবঙ্গের বশিরহাট। ২০০৮ সালের দিকে বহুধাপ বিপণন (এমএলএম) ব্যবসায় সাধারণ মানুষের কাছ থেকে টাকা- পয়সা আদায় করে চম্পট দিয়েছিলেন তিনি। সে সময়ও আশ্রয় নিয়েছিলেন উত্তর ২৪ পরগনার বারাসাতে।

সূত্র- বিডি প্রতিদিন

আমঝুপি বিভক্তর প্রতিবাদে মানববন্ধন

মেহেরপুর সদর উপজেলা আমঝুপি ইউনিয়নের আমঝুপি ৮নং ওয়ার্ড বিভক্ত করার প্রতিবাদে বিক্ষোভ মিছিল ও মানববন্ধন করেছে গ্রামবাসী।

রবিবার সকালে জেলা প্রশাসকের কার্যালয়ের সামনে বিক্ষোভ মিছিল ও মানববন্ধন করা হয়। মেহেরপুর জেলার তিন নম্বর আমঝুপি ইউনিয়ন পরিষদকে দুই ভাগে বিভক্ত করার কারণে আমঝুপি গ্রামকে দুটি ওয়ার্ড থেকে তিনটি ওয়ার্ড করার কারণে একটি অংশ ইসলামনগর ওয়ার্ড ভিত্তিক আমঝুপি উত্তরপাড়া কে ইসলামনগর ওয়ার্ড বিভক্তি দেওয়ার কারণে ফুঁসে উঠেছে আমঝুপি আট নম্বর ওয়ার্ডের গ্রামবাসী।

মানববন্ধনে বক্তারা বলেন, আমঝুপি গ্রামকে পূর্বেরমত তিনটি ওয়ার্ডে বিভক্ত করতে হবে। আমরা আমঝুপিবাসী অন্য ওয়ার্ডেরবাসীন্দা হতে চাইনা। প্রস্তাবিত এলাকা বিভক্তি অবিলম্বে বাতিল করে নতুন করে তৈরির আহবান জানান বক্তারা।

গাংনীতে গ্রামবাসীর উদ্যোগে পানি নিস্কাশন

অর্ধশত বছর আগে পানি নিষ্কাশন ব্যবস্থা না রেখে অপরিকল্পিত ভাবে যত্রতত্র পুকুর খনন করায় পানিতে আবদ্ধ গ্রামবাসীদের নিজ প্রচেষ্টা আর নিজ অর্থে ড্রেনেজ ব্যাবস্থা করছে মেহেরপুর জেলার গাংনীর ষোলটাকা গ্রামবাসী। পাঁচ লক্ষাধিক টাকা খরচ করে অস্থায়ী ভাবে পানি নিষ্কাশন ব্যবস্থা করা হলেও স্থায়ী দুর্ভোগ লাঘবে গ্রামবাসির দাবী সরকারি সহযোগীতা।

এলকাবাসী জানায়, প্রতিবছর বর্ষায় শুরু থেকে শেষ পর্যন্ত পুরো মৌসুমটা পানির নিচে তলিয়ে থাকে ষোলটাকা গ্রামের প্রায় আড়াই শতাধিক পরিবার। গ্রামের মধ্যে রাস্তার দু ধারে পুকুর থাকায় গ্রামের জমে থাকা পানি নিষ্কাশন হয়না। ফলে পানিবন্দী হয়ে পড়ে পুরো গ্রামের মানুষ।

অনেক পরিবার কয়েক সপ্তাহ পরে পানিবন্দী দশা থেকে কিছুটা রেহাই পেলেও আড়াই শতাধিক পরিবার পানিবন্দী হয়ে থাকে প্রায় সারা বছর। গ্রামের যত্রতত্র পুকুর থাকায় সব আবাদ ছেড়ে দিয়ে শুধু মাত্র মাছ চাষই একমাত্র অর্থ উপার্জনের মাধ্যম এলাকাবাসীর।

একারনে পুকুর মালিকদের কিছইু বলতে পারেনা পানিতে বন্দী হওয়া ভুক্তভোগী পরিবার গুলি।

দীর্ঘদিন ধরে বিভিন্ন ভাবে সরকারি সহযোগীতা না পেয়ে অবশেষে এলাকার সমস্যাকে সকলের সমস্যা মনে করে গ্রামবাসির আর্থিক সহযোগীতার আহব্বান করেন স্থানীয় সাবেক ইউপি সদস্য দেলোয়ার হোসেন, স্থানীয় যুবক মুনতাসির মিলন আশা এবং জাহিদ আলম।

শুরু হয় টাকা আদায়ের কাজ। এভাবে প্রায় ৫ লাক্ষাধিক টাকা আদায় করা হয় গ্রাম ঘুরে। উক্ত টাকায় শুরু করা হয় রাস্তার পাশ দিয়ে ড্রেন নির্মানের কাজ। স্কেভিটর মেশিন দিয়ে প্রায় ১ কিলোমিটার ড্রেন খনন ও প্লাস্টিক পাইপ দিয়ে একটি খালে পানি নিষ্কাশন করার চেষ্টা করা হচ্ছে।

সাবেক ইউপি সদস্য দেলোয়ার হোসেন জানান, আমরা গ্রামের মানুষকে পানিবন্দি থেকে রেহাই দিতে অস্থায়ী ভাবে পাইপ দিয়ে পানি নিষ্কাশন

করার ব্যাবস্থা করা হচ্ছে। তবে এটি কোনো স্থায়ী সমাধান নয়। স্থায়ী সমাধানে সরকারি ভাবে উদ্যোগ নিলে দুর্ভোগ থেকে মুক্তি পাবে গ্রামবাসী।

স্থানীয় যুবক মুনতাসির মিলন আশা বলেন, অনেক বছর আগে যারা ভুল করে যত্রতত্র পুকুর খনন করেছেন তাদের ভুলের খেশারত এখন পুরো গ্রামবাসিকে দিতে হচ্ছে। তবে সরকারি সহযোগীতা ও হস্তক্ষেপ না থাকলে ষোলটাকা গ্রামটি মেহেরপুর জেলার মানচিত্রে একদিন পুকুর হিসেবেই দেখা যাবে।

ষোলটাকা গ্রামের আর এক উদ্যোমি যুবক জাহিদ হাসান বলেন, আমরা এলকার মানুষ যা করেছি তা মাত্র সামান্য। জনপ্রতনিধিরা বারবার আশ^◌াস দিলেও বাস্তবে তার উল্টো হয়েছে।

ষোলটাকা ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান মনিরুজ্জামান মনি বলেন, আমার নির্বাচনের পর থেকে জেলা প্রশাসক বরাবর অনেক বারই আবেদন করা হয়েছে। কিন্ত কোন সুরাহা হয়নি। তবে গ্রামবাসীর দুর্দশা লাঘবে আমি চেষ্টা করে যাচ্ছি। আগামী সরকারি বরাদ্দ এলে সহযোগীতা করা হবে।

গাংনী উপজেলা নির্বাহী অফিসার আর এম সেলিম শাহনেওয়াজ বলেন, গ্রামবাসির দুর্দশার কথা আমি সরেজমিনে দেখে সরকারি ভাবে যা করার বা আমার যতটুকু করনীয় গ্রামবাসিকে সেভাবে সহযোগীতা দেব।

আত্মসমর্পণ করে ৫ দিনে সাড়ে ১৭ হাজার আসামির জামিন

গত ১২ থেকে ১৬ জুলাই পর্যন্ত অধস্তন আদালতে আত্মসমর্পণ করে জামিন পেয়েছে ১৭ হাজার ৫৯০ জন আসামি। পাঁচহাজর ৩১৯টি মামলায় আত্মসমর্পণের পর এদের জামিন হলেও কারাগারে পাঠানো হয়েছে এক হাজার ১৭৪ জন আসামিকে।

রবিবার সুপ্রিম কোর্টের স্পেশাল অফিসার মোহাম্মদ সাইফুর রহমান

এ তথ্য জানিয়ে বলেন, গত ১২ জুলাই থেকে ১৬ জুলাই পর্যন্ত (রোববার-বৃহস্পতিবার) সারা দেশের অধস্তন আদালতে পাঁচহাজার ৩১৯টি মামলায় আত্মসমর্পণ আবেদন নিষ্পত্তি হয়। মোট ১৭ হাজার ৫৯০ জন অভিযুক্ত ব্যক্তির জামিন মঞ্জুর হয়েছে। এক হাজার ১৭৪ জন অভিযুক্ত ব্যক্তিকে কারাগারে পাঠানো হয়েছে।

এর আগে গত ১২ জুলাই সুপ্রিম কোর্ট প্রশাসন জানায়, গত ৫ জুলাই থেকে ৯ জুলাই পর্যন্ত পাঁচদিনে সারা দেশে সিএমএম ও সিজেএম কোর্ট থেকে ২৩ হাজার ৩৯৬ জন আত্মসমর্পণ করে জামিন নিয়েছেন।

এসময়ে ছয় হাজার ৫৮৮টি আত্মসমর্পণ পূর্বক জামিনের আবেদন নিষ্পত্তি করা হয়।

সূত্র- বিডি-প্রতিদিন